যুগান্তর

তারিখ ... 05 OCT 2015 ...
পৃষ্ঠা ... ০৭ ... কলাম ... ৬ ...

# শিগগিরই ছাত্রলীগের পূর্ণাঙ্গ কমিটি

## জীবনবৃত্তান্ত গ্রহণ শুরু আজ

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার**

শিগগিরই গঠিত হতে যাচ্ছে বাংলাদেশ ছাত্রলীগের পূর্ণাঙ্গ কমিটি। ইতিমধ্যে সংগঠনটির শীর্ষ নেতৃত্ব কমিটি নিয়ে কয়েক দফায় বৈঠক করেছে। এখন চলছে শেষ পর্যায়ের যাচাই-বাছাইয়ের কাজ। আজ থেকে কেন্দ্রীয় কমিটিতে পদপ্রত্যাশীদের জীবনবৃত্তান্ত জমা দিতে বলা হয়েছে। সব ঠিক থাকলে চলতি মাসের মাঝামাঝি সময়ে পূর্ণাঙ্গ কমিটি ঘোষণা হতে পারে।

কমিটির বিষয়ে জানতে চাইলে ছাত্রলীগ সভাপতি সাইফুর রহমান সোহাগ যুগান্তরকে বলেন, নিয়মিত ছাত্র, নির্ধারিত ২৯ বছর বয়স, অবিবাহিত, সংগঠনের জন্য ত্যাগ এবং প্রধানমন্ত্রীর ভিশন বাস্তবায়নে যারা কাজ করে গেছেন তাদেরই কেন্দ্রীয়-কমিটিতে রাখা হবে। ইতিমধ্যে আমরা বয়স, ছাত্রত্ব ও বিভিন্ন বিষয়ের যাচাই-বাছাইয়ের জন্য পূর্ণাঙ্গ জীবনবৃত্তান্ত আহ্বান করেছি। এ মাসের মধ্যেই পূর্ণাঙ্গ কমিটি গঠন করা হবে।

ছাত্রলীগের সাধারণ সম্পাদক এসএম জাকির হোসাইন যুগান্তরকে বলেন, আমরা দায়িত্ব গ্রহণের পরেই বলেছি সংগঠনে ক্ষমতার বিকেন্দ্রীকরণ করা হবে। কমিটির প্রতিটি সদস্যকে তাদের নিজ নিজ দায়িত্ব বুঝিয়ে দেয়া হবে। সেজন্য আমাদের প্রয়োজন দক্ষতাসম্পন্ন কিছু লোক। সেই বিষয়টি বিবেচনায় রেখেই পূর্ণাঙ্গ কমিটি গঠন করা হবে। তিনি বলেন, চলতি মাসেই পূর্ণাঙ্গ কমিটি গঠন করা হবে।

ছাত্রলীগ সূত্রে জানা গেছে, কমিটি গঠন নিয়ে কোরবানির ঈদের পূর্বেই কয়েক দফা বৈঠক হয়েছে। এসব বৈঠকে ইতিমধ্যেই কমিটির খসড়া করা হয়েছে। এখন চলছে চূড়ান্ত প্রক্রিয়া। সংগঠনটির সাবেক শীর্ষ নেতৃত্বের সঙ্গে কথা বলে কমিটি ঘোষণা করা হবে। এদিকে কেন্দ্রীয় কমিটিতে পদের জন্য শেষ সময়ের দৌড়ঝাঁপ চলছে। ঢাকা ও ঢাকার বাইরের বিভিন্ন স্থান থেকে পদপ্রত্যাশীরা প্রভাবশালী আওয়ামী লীগ নেতাদের দ্বারস্থ হচ্ছেন। পাশাপাশি সভাপতি ও সাধারণ সম্পাদককে নিয়মিত 'প্রটোকল' দিয়ে যাচ্ছেন।

ইতিমধ্যেই কেন্দ্রীয় কমিটিতে পদপ্রত্যাশীদের জীবনবৃত্তান্ত জমা দেয়ার জন্য আহ্বান জানানো হয়েছে। আজ থেকে শুরু হচ্ছে জীবনবৃত্তান্ত গ্রহণ প্রক্রিয়া। আগামী ১০ অক্টোবর পর্যন্ত প্রতিদিন সকাল ১০টা থেকে বিকাল ৫টা পর্যন্ত পূর্ণাঙ্গ জীবনবৃত্তান্ত জমা দেয়া যাবে। ছাত্রলীগের কেন্দ্রীয় দফতর সেল জানায়, ২ কপি পূর্ণাঙ্গ জীবনবৃত্তান্ত জমা দিতে হবে। জীবনবৃত্তান্তের সঙ্গে এসএসসি ও এইচএসসি সনদের সত্যায়িত ফটোকপি, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি, অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠানের সত্যায়িত প্রত্যয়নপত্র এবং সদ্য তোলা দুই কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি জমা দিতে হবে।

প্রসঙ্গত, ছাত্রলীগের গঠনতন্ত্র অনুযায়ী, সংগঠনটিতে সহসভাপতি ৪১ জন, যুগ্ম সাধারণ সম্পাদক ১০ জন, সাংগঠনিক সম্পাদক ১০ জনসহ মোট ২৫১ সদস্যের কেন্দ্রীয় নির্বাহী কমিটি গঠনের কথা বলা হয়েছে।